# মধ্য প্রদেশের উপ নির্বাচনের রঙও গেরুয়া



■ শিবরাজ সিং চৌহানের গদি নিশ্চিত হতেই বিজেপির রাজ্য সভাপতি ভিডি শর্মাসহ সমর্থকরা উল্লাসে মত্ত। ভোপাল

**ভোপাল :** কমলনাথের আশায় জল ঢেলে শিবরাজ সিং চৌহানের নেতৃত্বাধীন বিজেপি সরকারই থাকছে মধ্য প্রদেশের মসনদে। হাসি চড়ো হল জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার। ২৩০ আসনের মধ্য প্রদেশ বিধানসভার ২৮টিতে উপনির্বাচন হয় গত মঙ্গলবার। এর মধ্যে ৮ টি আসনে জিতলেই মধ্য প্রদেশ বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতা লাভ করার কথা বিজেপির। আবার ২৮ টি আসন ভাগ্য ফেরাতে পারত কমলনাথের কংগ্রেস সরকারেরও। তাই উপনির্বাচন হলেও মধ্য প্রদেশের ভোটে ছিল পূর্ণাঙ্গ ভোটেরই মেজাজ। আর সেখানে শেষ হাসি হাসলেন শিবরাজই। মঙ্গলবার সন্ধে পর্যন্ত মধ্য প্রদেশের গণনা বলছে, যা দরকার ছিল, তার দ্বিগুণের বেশি আসনে এগিয়ে রয়েছে বিজেপি। কমলনাথের নেতৃত্বাধীন কংগ্রেস যেখানে মাত্র ৭টি আসনে এগিয়ে, বিজেপি সেখানে ২০টি আসনে কর্তৃত্ব করছে। তবে এই সাফল্যের হকদার একা শিবরাজই নন। মধ্য প্রদেশের উপনির্বাচন আত্মসম্মানের লড়াই ছিল জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার কাছেও। কমলনাথের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে ২২জন অনুগামী বিধায়ককে নিয়ে কংগ্রেস ছেড়েছিলেন সিন্ধিয়া। যোগ দিয়েছিলেন বিজেপিতে। যার জন্যই মধ্য প্রদেশে কংগ্রেস সরকার পড়ে যায়। সেই সিন্ধিয়ার কাছেও এই জয় আত্মসম্মান রক্ষার। এই পরিস্থিতিতে গণনা শেষ হওয়ার আগেই হার মেনে নিয়েছেন কমলনাথ। তিনি জানান, 'আমি জনতার সিদ্ধান্ত মাথা পেতে নিচ্ছি। আর যাঁরা কংগ্রেসের হয়ে ভোট দিয়েছেন তাঁদের ধন্যবাদ দিচ্ছি।'

যদিও কংগ্রেসের আরেক নেতা দিগ্বিজয় সিং মধ্যপ্রদেশের উপনির্বাচনে ইভিএম কারচুপির অভিযোগ এনেছেন। তিনি বলেন, 'ইভিএমে কারচুপি হয়েছে। তা স্পষ্ট। কারণ এমন অনেক আসনে আমরা হেরেছি যেখানে আমাদের হারার কথা নয়। অথচ মাত্র ১০০০ ভোটের ব্যবধানে কংগ্রেস হেরে গিয়েছে ওই সব আসনে। আমরা বুধবারই এ নিয়ে বৈঠক করব আর এই ফলাফলের বিশ্লেষণ করব।' যদিও তাঁর ওই অভিযোগকে উড়িয়ে মধ্য প্রদেশের শিবরাজ সিং চৌহান পালটা বলেন, 'গতবার যখন ওঁর দল এই মধ্য প্রদেশেই ১১৪টি আসন জিতেছিল, তখন ইভিএমে কোনো কারচুপি হয়নি? আসলে উনি কখনো সত্যিটা মানতে পারেন না। উনি শুধু জানেন নিজের দলের ব্যর্থতার পক্ষে নানারকম যুক্তি সাজাতে পারেন।' বিজেপির আরেক বিধায়কও বলেন, 'দিগ্বিজয় সিং ইভিএম নিয়ে প্রশ্ন তুলেছেন। তার মানে নিশ্চিতভাবেই বিজেপি ভোটে জিতছে!'

উল্লেখ্য, গত মার্চে জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার দল ২২ জন বিধায়ককে নিয়ে পদত্যাগ করার পরই মধ্যপ্রদেশ বিধানসভায় শূন্য হয় সমসংখ্যক বিধায়ক পদ। এছাড়া এক বিধায়কের মৃত্যু হয়, পদত্যাগ করেন কংগ্রেসের আরো এক বিধায়ক। সব মিলিয়ে ২৮টি আসনে উপনির্বাচন আসন্ন হয়ে পড়ে। গত ৩ নভেম্বর হওয়া সেই উপনির্বাচনের প্রাথমিক ফল বলছে আরো প্রায় ৩ বছরের জন্য মধ্য প্রদেশের মুখ্যমন্ত্রীর পদে থাকতে চলেছেন শিবরাজ।

—পিটিআই

# হাই কোর্টে আপাতত স্বস্তি দিল মুকুলদের

**আদালত সংবাদদাতা, কলকাতা :** আদালতের আদেশে আপাতত স্বস্তিতে মুকুল রায়সহ বিজেপির প্রথম সারির ৪ নেতা। বিচারপতি রাজশেখর মান্থা মঙ্গলবার অন্তর্বর্তীকালীন আদেশ দেন, আগামী ২৬ নভেম্বর পর্যন্ত কৈলাশ বিজয়বর্গীয়, মুকুল রায়, অর্জুন সিং ও রাকেশ সিংয়ের বিরুদ্ধে চলা তদন্তের ওপর অন্তর্বর্তী নিষেধাজ্ঞা বহাল থাকছে। মামলার পরবর্তী শুনানি রয়েছে ওইদিনই।

গত ৮ অক্টোবর রাজ্য বিজেপি নবান্ন অভিযান করে। সেখানে দলের কর্মী, সমর্থক ছাড়াও কৈলাশ বিজয়বর্গীয়, মুকুল রায়, অর্জুন সিং, রাকেশ সিং-সহ একাধিক নেতা-নেত্রী ছিলেন। হেস্টিংস থানা ওই ৪ নেতার বিরুদ্ধে সরকারি সম্পত্তি নষ্ট করা-সহ একাধিক ধারায় মামলা করে। তাঁদের বিরুদ্ধে এফআইআর দায়ের হয়। এফআইআর খারিজের দাবিতে হাই কোর্টে আসেন ওই ৪ নেতা। তাঁদের বিরুদ্ধে চলা তদন্তের ওপর এদিন অন্তর্বর্তীকালীন স্থগিতাদেশ দেয় আদালত।

# নীতীশের নেতৃত্বেই সরকার হবে, আশাবাদী জেডি(ইউ)

**পটনা :** এগিয়ে থাকা বা জেতা আসনের নিরিখে তালিকায় তৃতীয় স্থানে রয়েছে জনতা দল ইউনাইটেড (জেডিইউ)। নীতীশ কুমারের নেতৃত্বেই এনডিএ সরকার গড়বে বলে আশাবাদী জেডি(ইউ) নেতৃত্ব। জেডি(ইউ)-র রাজ্যে সভাপতি বশিষ্ঠ নারায়ণ সিং সাংবাদিকদের জানিয়েছেন, আমি অনেকদিন ধরেই বলে আসছি নীতীশ কুমারকে মুখ্যমন্ত্রী রেখে তাঁর নেতৃত্বেই এনডিএ জোট বিহারে সরকার গড়বে। বিরোধীরা ভোটারদের নানা রকম প্রলোভন দেখিয়েছিল।' বিজেপি না জেডি(ইউ) কোন দল থেকে মুখ্যমন্ত্রী হবে জিজ্ঞাসা করায় বর্ষীয়ান জেডিইউ নেতা বলেন, 'প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, বিজেপির সর্বভারতীয় সভাপতি জে পি নাড্ডা একাধিকবার স্পষ্ট ভাবে বলেছেন এনডিএ জোট রাজ্যে ক্ষমতায় ফিরলে ফের নীতীশ কুমারই মুখ্যমন্ত্রী হবেন।' এদিকে, যতই হাড্ডাহাড্ডি লড়াই হোক বিহারে এনডিএ জোটের সরকার গড়ার ব্যাপারে ১০০% আশাবাদী বলে জানিয়েছেন বিজেপির জাতীয় সাধারণ সম্পাদক কৈলাশ বিজয়বর্গীয়।

—পিটিআই

# ৪০ হাজারের নীচে নামল দৈনিক সংক্রমণের সংখ্যা

**সুখবর ব্যুরো, নয়াদিল্লি :** গত ৬ দিনে এই প্রথম ৪০ হাজারের নীচে নামল দেশের দৈনিক সংক্রমণের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় দেশের নতুন করে সংক্রমিত হয়েছেন ৩৮,০৭৩ জন। যা কিনা আগের দিনের থেকে ১৭% কম বলে জানিয়েছে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক। আর এই কমতে থাকা সংক্রমণের সংখ্যাকে করোনা মেকাবিলায় দেশের সাফল্য বলেই মনে করছে তারা। মন্ত্রক জানিয়েছে, বিশ্বের এক একটি দেশে যেখানে গত ৩-৪ দিনে দৈনিক একলাখের বেশি মানুষ করোনা সংক্রমিত হচ্ছেন সেখানে ভারতে গত ৩-৪ দিনে ধারাবাহিকভাবে ৫০ হাজারের নীচে দৈনিক সংক্রমণের সংখ্যা। আর তা ক্রমশই নিম্নগামী হচ্ছে। যা এই পরিস্থিতিতে বিশেষ তাৎপর্য্যপূর্ণ। তবে দেশের দৈনিক করোনা সংক্রমণের সংখ্যা যা-ই হোক, রাজধানী দিল্লিতে সংক্রমণ এখনো বেশ চিন্তায় রেখেছে। গত ২৪ ঘণ্টায় দিল্লির দৈনিক সংক্রমণ সামান্য কমে অবশ্য হয়েছে ৫৯৮৩। গত ৪ দিনে এই প্রথম ৬ হাজারের নীচে নামল দিল্লির দৈনিক সংক্রমণ। তবে এখনই দিল্লি দৈনিক সংক্রমণে দেশে সবার আগেই। তাই সংক্রমণের তৃতীয় জোয়ার নিয়ে এখনই আশার আলো দেখছেন না বিশেষজ্ঞরা। তবে দেশজুড়ে মঙ্গলবার করোনা সংক্রমণের সার্বিক গ্রাফ কিছুটা আশাব্যাঞ্জক। মোট সংক্রমণ ৮৫,৯১,৭৩০ এর নিরিখে মোট করোনা মুক্তর সংখ্যা ৭৯,৬৩,৪৫৭ দেশের সুস্থতার হার নিয়ে গিয়েছে ৯২.৬৪%-এ। পাশাপাশি কমেছে দৈনিক মৃত্যুর সংখ্যা আর মোট সক্রিয় রোগীর সংখ্যাও। গত ২৪ ঘণ্টায় ৪৪৮ জনের মৃত্যু হয়েছে দেশে। উল্লেখ্য এই পরিসংখ্যান গত চার দিন ধরেই নিম্নমুখী। দেশের মোট সক্রিয় রোগীর সংখ্যা কমে এখন দাঁড়িয়েছে ৫,০১২১৪ তে। বেড়েছে দৈনিক সুস্থতার সংখ্যাও। গত ৪দিন ধরে ক্রমাগত নিম্নমুখী হওয়ার পর মঙ্গলবার কিছুটা বেড়ে দৈনিক সুস্থতার সংখ্যা হয়েছেন ৪৬,০৮৪। দেশে করোনা সংক্রমণে মোট মৃত্যু হয়েছে ১,২৭,০৫৯ জনের।

দেশে মোট আক্রান্ত
৮৫,৯১,৭৩০
দেশে মোট সুস্থ
৭৯,৬৩,৪৫৭
দেশে মোট মৃত
১,২৭,০৫৯

# শুভেন্দুর কটাক্ষ

১ পাতার পর

অধিকারীকে বিঁধেছেন শাসক দলের নেতামন্ত্রীরা। পুর ও নগরোন্নয়নমন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, 'সিঙ্গুর, নন্দীগ্রাম আন্দোলনের কথা বললেই মমতা বন্দ্যোপাধ্যায়ের নাম সবার আগে আসে। নন্দীগ্রামের আন্দোলন কারো একার নয়। এটা মানুষের আন্দোলন। সিঙ্গুর নন্দীগ্রাম আন্দোলনের মূল কান্ডারী মমতা বন্দ্যোপাধ্যায়।' ক'দিন আগেই শুভেন্দু বলেছিলেন, 'আমি প্যারাসুটের নামিনি, লিফটে উঠিনি। সিঁড়ি ভেঙে উঠেছি।' এদিন এর পালটা জবাব দিয়েছে তৃণমূল। সরাসরি শুভেন্দুর নাম না করলেও ফিরহাদ বলেন, 'আমরা কেউ হেলিকপ্টারে চড়ে আসিনি। সিঁড়ি ভেঙে উঠেছি। আর সেই সিঁড়িটা তৈরি করে দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। ওই সিঁড়িটা তৈরি করে দিয়ে যদি মমতা বন্দ্যোপাধ্যায় কাজের সুযোগ না দিতেন তাহলে আমাদের কেউ চিনত না। মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরোধিতা করা মানে বিজেপির হাত শক্ত করা।' ফিরহাদ আরো বলেন, 'আমিত্ব নয়, তো নয় আমরা। শুধু আমি আমি করে বিজেপির হাত শক্ত করে দেওয়া হচ্ছে।' দোলা সেন বলেন, 'প্রতিবার ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির ডাকে আমরা নন্দীগ্রাম দিবসে আসতাম। এবার ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটি মমতা বন্দ্যোপাধ্যায়কে বাদ দিয়েছে। সেই কারণে আলাদা শহিদ স্মরণ করা হল।'

ফিরহাদ হাকিমের নাম না করে শুভেন্দু অধিকারীর কটাক্ষ, 'ভোটের আগে আসছেন ভোটের পরে তো আসতে হবে। লড়াইয়ের মাঠে দেখা হবে। রাজনীতির মঞ্চে দেখা হবে। জয় জয় নন্দীগ্রাম। সঙ্গে আছেন তো? এই লড়াইতে মানুষ জিতবে। গণতন্ত্র জিতবে। শুভেন্দু অধিকারী ভয় পায় না।' এরপরই রবীন্দ্রনাথের প্রার্থনা কবিতার কয়েকটি পংক্তি উচ্চারণ করে শুভেন্দু বলেন, 'ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটি (বিইউপিসি) জিন্দাবাদ। নন্দীগ্রাম জিন্দাবাদ। জয় বাংলা। ভারতমাতা জিন্দাবাদ।' শুভেন্দু স্মরণ করিয়ে দেন, ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির ইতিবৃত্ত। শুভেন্দু বলেন, 'আমরা এই নামকে সম্মান দিয়ে ঠিক করেছিলাম সারা বছর ভূমি উচ্ছেদ প্রতিরোধ কমিটির ধুয়া তুলব না। বিইউপিসির নামে ভোটে লড়ব না। ভোটের সময় এই ব্যানারে ভোট চাইব না। কিন্তু নন্দীগ্রামের স্মরণীয় সব দিনে আমরা ওই ব্যানারে শ্রদ্ধা জানাব। এটা আজ নতুন কিছু নয়।' শুভেন্দু ও তৃণমূলের মধ্যে এই দড়ি টানাটানির সুযোগে তৃণমূলকে আক্রমণ করেছে বিজেপি ও কংগ্রেস। প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরী বলেন, 'মুর্শিদাবাদে কংগ্রেসকে ধ্বংস করতে দিদি শুভেন্দু অধিকারীকে পাঠিয়ে ছিলেন। আজ সেই শুভেন্দু তৃণমূলের ঘর জ্বালিয়ে দেওয়ার ব্যবস্থা করছেন। অন্তর্দ্বন্দ্বের ক্যানসারে আক্রান্ত তৃণমূল।' বিজেপি নেতা কৈলাস বিজয়বর্গীয় অভিযোগ করেন, মমতার আমলে তৃণমূলের সঙ্গে তৃণমূলের খুনোখুনি বেড়েছে।

# ১০ রাজ্যের উপনির্বাচনে ভালো ফল বিজেপির



**সুখবর ব্যুরো, নয়াদিল্লি:** মধ্য প্রদেশের মতোই আরো ১০টি রাজ্যের উপনির্বাচনেও ভালো ফল করেছে বিজেপি। কর্নাটক, গুজরাত, উত্তর প্রদেশ, মণিপুর, তেলেঙ্গানায় ভালো ফল করেছে গেরুয়া শিবির। হরিয়ানার বারোদা কেন্দ্রে কংগ্রেস প্রার্থী ইন্দুরাজ নারওয়াল বিজেপি প্রার্থী অলিম্পিয়ান কুস্তিগির যোগেশ্বর দত্তকে ১০ হাজারের বেশি ভোটে হারিয়ে দিয়েছেন। ২০১৯ সালের বিধানসভা কেন্দ্রেও এই আসনে হেরেছিলেন যোগেশ্বর দত্ত। মঙ্গলবার গুজরাতের ৮টি আসন—আবদাসা, কারজান, মোরবি, গাধাড়া, লিম্বড়ি, কাপড়া আর ডাঙ কেন্দ্রের উপনির্বাচনে প্রত্যাশিতমতোই ভালো ফল করেছে বিজেপি। ৮টির মধ্যে ৩টি আসনে জিতেছে বিজেপি, এগিয়ে রয়েছে ৫টিতে। প্রথম থেকেই প্রতিটি আসনে পিছিয়ে ছিলেন কংগ্রেস প্রার্থীরা। একের পর এক জায়গা থেকে দলীয় প্রার্থীদের জয়ের খবর আসতে শুরু করতেই গান্ধীনগরে বিজেপির সদর দফতরে উদযাপন শুরু হয়। রাজ্যের মুখ্যমন্ত্রী বিজয় রূপানি জয়ের খবর শোনার পর বলেন, 'আসন্ন পুর নির্বাচন ও ২০২২ সালের বিধানসভা নির্বাচনের আগে এই উপনির্বাচনে বিজেপির ফল আসলে ট্রেলার। বিহার, উত্তর প্রদেশে, মধ্য প্রদেশ হোক কিংবা গুজরাত সব জায়গায় ভালো ফল করেছে বিজেপি। এই জয় আদতে নরেন্দ্র মোদীর সরকারের ভালো কাজের ফল আর বিজেপির প্রতি সাধারণ মানুষের ভরসার ফল। ভোটাররা কংগ্রেসের নেতিবাচক প্রচারকে ছুড়ে ফেলে দিয়েছে।' উত্তর প্রদেশে ৭টি আসনের মধ্যে ৩টি জিতেছে আর ৩টিতে এগিয়ে রয়েছে বিজেপি। ৩ নভেম্বর ভোট হয় ৭টি আসনে। ত্রিমুখী লড়াই হয় বিজেপি, সপা আর বিএসপির মধ্যে। বুলন্দশহর কেন্দ্রে প্রার্থী দিয়েছিল ভিম আর্মি প্রধান চন্দ্রশেখর আজাদের দল আজাদ সমাজ পার্টি। বিহারের বাল্মিকীনগর লোকসভা কেন্দ্রের উপনির্বাচনে এগিয়ে রয়েছে জেডি(ইউ)। নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, কংগ্রেসের প্রবেশ কুমার মিশ্রর চেয়ে এগিয়ে রয়েছেন জেডি(ইউ)-র সুনীল কুমার। জেডি(ইউ) সাংসদ বৈদ্যনাথ মাহাতোর মৃত্যুতে খালি হয় বাল্মিকী নগর আসনটি। ৭ নভেম্বর ভোট হয়, প্রতিদ্বন্দ্বিতা করেন ৭ জন প্রার্থী। তেলেঙ্গানার দুব্বাকা আসনে টিআরএস প্রার্থী সোলিপেটা সুজাতাকে ১১১৮ ভোটের ব্যবধানে হারিয়েছেন বিজেপির মাধবনেনি রঘুনন্দন রাও। কর্নাটকের বেঙ্গালউরুর রাজরাজেশ্বরী নগর ও টুমকুর জেলার সিরা বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বাজিমাত করেছে গেরুয়া শিবির। ২টি কেন্দ্রেই বিরোধী প্রার্থীদের রেকর্ড ভোটে হারিয়ে জিতেছেন ২ বিজেপি প্রার্থী। রাজরাজেশ্বরী নগর কেন্দ্র থেকে রেকর্ড ভোটে জিতেছেন বিজেপি প্রার্থী এন মুরিরত্না। তিনি কংগ্রেস প্রার্থী কুসুমা এইচকে ৫৮ হাজারের বেশি ভোটের ব্যবধানে হারিয়েছেন। ২০১৮ সালে ২৮ হাজার ভোটের ব্যবধানে জিতেছিলেন মুনিরত্না। নিজেরই সেই রেকর্ড তিনি ভেঙে দিয়েছেন। এর আগে ২টি বিধানসভা নির্বাচনে এই কেন্দ্র থেকে তিনি কংগ্রেসের টিকিটে জিতেছিলেন। ২০১৯ সালে যে ১৭ জন কংগ্রেস আর জেডি(এস) বিধায়ক দল বদলে বিজেপিতে যান মুনিরত্না তাঁদের মধ্যে অন্যতম। সিরা কেন্দ্রে বিজেপি প্রার্থী সি এম রাজেশ গৌড়া ১৩ হাজারের বেশি ভোটে প্রাক্তন কংগ্রেস মন্ত্রী টি বি জয়চন্দ্রকে হারিয়েছেন। এবারই প্রথম সিরা কেন্দ্রে জিতল বিজেপি। ২টি কেন্দ্রেই তৃতীয় স্থানে রয়েছেন দেবেগৌড়ার দল জেডি(এস)-এর প্রার্থীরা। মণিপুরের ৩ কেন্দ্রের বিধানসভা উপনির্বাচনে ২টিতে বিজেপি আর একটিতে নির্দল প্রার্থী জিতেছেন।

ছবি : পিটিআই

# চন্দননগরের সদ্যোজাতর মৃত্যুতে অস্বাভাবিকত্ব নেই

**আদালত সংবাদদাতা :** আরজি কর হাসপাতালে ভরতি চন্দননগরের সদ্যোজাত শিশুর মৃত্যুতে অস্বাভাবিকত্ব নেই। এমনকী, মৃত শিশুর দেহপাচার বা শিশু বদলও হয়নি। কলকাতা হাই কোর্টের আদেশে শিশুটির দেহের দ্বিতীয়বার ময়নাতদন্ত হয়। আদালতের আদেশে এসএসকেএম হাসপাতালের চিকিৎসকদের নিয়ে গড়া মেডিক্যাল বোর্ড ময়নাতদন্তের রিপোর্ট পেশ করে মঙ্গলবার। যদিও আরজি কর হাসপাতালে প্রথমবার কীভাবে ময়নাতদন্ত হয়েছে তা নিয়ে অসন্তুষ্ট আদালতের পর্যবেক্ষণ, যেভাবে ওই সদ্যোজাতের মাকে হয়রান করা হয়েছে তা কোনো জঙ্গলের রাজত্বে হয় না। মৃত সদ্যোজাতের পরিবারকে নানাভাবে হাসপাতালের তরফে হেনস্তার ঘটনায় সেখানকার পরিষেবা নিয়ে বিরক্ত বিচারপতি সঞ্জীব বন্দ্যোপাধ্যায়ের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ। আদালতের ছুটি শেষে কোর্ট চালু হওয়ার ১৫ দিন পর মামলাটির ফের শুনানি হবে।

# পরীক্ষায় বাজিমাত

১ পাতার পর

কখনো ছেলে-মেয়ের পড়াশোনার সঙ্গে আপস করেননি তাঁরা। নির্মাণ শ্রমিক হিসাবে কাজ করার পাশাপাশি বাড়তি রোজগারের জন্য অটোও চালাতেন স্বাতীর বাবা রামু। পরে ক্যাব চালাতে শুরু করেন তিনি। নিজের স্কুলের প্রধান শিক্ষক ও এক শিক্ষাকর্মী আর্থিক সাহায্য করেছেন স্বাতীকে। তাঁরা স্বাতীর আইআইটিতে পড়ার ফী-ও জুগিয়েছেন। রামু নিজে বেশি পড়াশোনা করতে না পারলেও চান মেয়ে স্বাতী ভালোভাবে পড়াশোনা করুক। স্বাতীর ইচ্ছা ভবিষ্যতে আইএএস হওয়া।

—পিটিআই

# পদক্ষেপ সঙ্গে সঙ্গে

**আদালত সংবাদদাতা, কলকাতা :** রাজ্যজুড়ে আতশবাজির ক্রেতা, বিক্রেতাদের বিরুদ্ধে সঙ্গে সঙ্গে পদক্ষেপ করতে হবে পুলিশকে। আদালতের ইচ্ছা ছিল বাজি নিয়ে আদালতের আদেশের অন্যথা হলে সংশ্লিষ্ট ডিএম, এসপি ও সিপি দায়ী থাকবেন। কিন্তু রাজ্য চায়, প্রশাসনের ওপর ভরসা রাখুক আদালত। তাই বিচারপতি সঞ্জীব বন্দ্যোপাধ্যায়ের অবকাশকালীন ডিভিশন বেঞ্চ বলে ডিএম, এসপি ও সিপি'র ওপর দায় চাপাচ্ছি না। তবে বাজি নিয়ে কড়া ভাবে মানতে হবে কোর্টের আদেশ।


## ভেঙ্কটেশ্বরা ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন কো. লিমিটেড

CIN : L65909WB1981PLC033333
৯০, ফিয়ার্স লেন, ষষ্ঠ তল, রুম নং -৬০৩, কলকাতা - ৭০০০১২
৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের অনিরীক্ষিত আর্থিক ফলের বিবরণ
(ই পি এস ব্যাতীত লাখ টাকায়)

| বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক 30.09.2020 | পূর্ববর্তী বছরের সংশ্লিষ্ট সমাপ্ত ত্রৈমাসিক 30.09.2019 | বিগত সমাপ্ত বছর 31.03.2020 |
|---|---|---|---|
| কাজ থেকে মোট আয় (প্রকৃত) | ৪০৭.৩১ | ২৩৯.১১ | ১১৪৩.৬৫ |
| কর দেওয়ার পর সাধারণ কার্যক্রম থেকে প্রকৃত লাভ / (ক্ষতি) | ২.৬২ | ১.১৯ | ৩.১৬ |
| কর দেওয়ার পর প্রকৃত লাভ / (ক্ষতি) (অতিরিক্ত দফার পর) | ২.৬২ | ১.১৯ | ৩.১৬ |
| ইক্যুটি শেয়ার মূলধন | ৫০২৪.০০ | ৫০২৪.০০ | ৫০২৪.০০ |
| মজুত (বিগত আর্থিক বর্ষের ব্যালান্স সীট অনুযায়ী পূর্ণমূল্যায়ন সরক্ষা ব্যতীত সংরক্ষণ) | — | — | — |
| শেয়ার প্রতি আয় (প্রত্যেকটি ১০ টাকা করে) | | | |
| মূল | ০.০০৫ | ০.০০২ | ০.০০৬ |
| লঘুকৃত | ০.০০৫ | ০.০০২ | ০.০০৬ |

দ্রষ্টব্য :
সেবি (লিস্টিং অ্যান্ড আদার ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫'এর ৩৩নং ধারা অনুযায়ী ওপরের বিবরণীটি কোম্পানীর ত্রৈমাসিকের আর্থিক ফলাফলের সংক্ষিপ্ত বিবরণ হিসাবে দেখানো হল ও স্টক এক্সচেঞ্জে নথিভুক্ত করা হল।

বোর্ডের পক্ষে ও সমর্থনে
ভেঙ্কটেশ্বরা ইন্ডাস্ট্রিয়াল প্রোমোশন কো. লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
নাম : পিঙ্কি গুপ্তা
পদ : ডিরেক্টর
DIN : 06365547

স্থান : কলকাতা
তারিখ : ১০.১১.২০২০

## MANGLAM LIMITED

Regd Office : 10, Princep Street, 2nd Floor, Kolkata - 700072
E:info@cmsinfotech.com, W: www.cmsinfotech.com
Phone : 91-33-4002 2880, Fax :91-33-2237 9053
CIN:L51420WB1993PLC060955

EXTRACT OF UNAUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER & HALF YEAR ENDED 30TH SEPTEMBER, 2020 (Rs. in Lacs)

| Sl. No. | Particulars | Quarter Ended 30.09.2020 (Unaudited) | Quarter Ended 30.06.2020 (Unaudited) | Quarter Ended 30.09.2019 (Unaudited) | Half Year Ended 30.09.2020 (Unaudited) |
|---|---|---|---|---|---|
| 1 | Total Income from Operations | 0.00 | 0.00 | 0.00 | 0.00 |
| 2 | Net Profit / (Loss) for the period (before Tax, Exceptional and/or Extraordinary items#) | (0.84) | (1.08) | (1.46) | (1.92) |
| 3 | Net Profit / (Loss) for the period before tax (after Exceptional and/or Extraordinary items#) | (0.84) | (1.08) | (1.46) | (1.92) |
| 4 | Net Profit / (Loss) for the period after tax (after Exceptional and/or Extraordinary items#) | (0.84) | (1.08) | (1.46) | (1.92) |
| 5 | Total Comprehensive Income for the period [Comprising Profit / (Loss) for the period (after tax) and Other Comprehensive Income (after tax)] | (0.84) | (1.08) | (1.46) | (1.92) |
| 6 | Equity Share Capital | 521.14 | 521.14 | 521.14 | 521.14 |
| 7 | Reserves (excluding Revaluation Reserve) as shown in the Audited Balance Sheet of the previous year | - | | - | - |
| 8 | Earnings Per Share (of Rs.10/- each) (for continuing and discontinued operations) 1. Basic: | (0.02) | (0.02) | (0.03) | (0.04) |
| | 2. Diluted: | (0.02) | (0.02) | (0.03) | (0.04) |

Note:
a) The above is an extract of the detailed format of Quarterly/Annual Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing and Other Disclosure Requirements) Regulations, 2015. The full format of the Quarterly/Annual Financial Results are available on the Stock Exchange website i.e. www.cse-india.com and on the Company's website: www.manglamindia.com
b) The impact on net profit / loss, total comprehensive income or any other relevant financial item(s) due to change(s) in accounting policies shall be disclosed by means of a footnote.
c) # - Exceptional and/or Extraordinary items adjusted in the Statement of Profit and Loss in accordance with Ind-AS Rules /AS Rules, whichever is applicable.

By order of the Board
For MANGLAM INDIA LIMITED
Sd/-
MANOJ SARAOGI
Managing Director
DIN No. 00278490

Place : Kolkata
Date : 9th November, 2020

## বৈষ্ণ সিমেন্ট কোম্পানী লিমিটেড

CIN : L26942WB1992PLC057087
রেজিস্টার্ড অফিস: ১৪/বি, রামচন্দ্র মৈত্র লেন, কলকাতা - ৭০০ ০০৫
ফোন : ০৯১৩৯৫৩৮৮৬৯, ওয়েবসাইট : www.vccl.in, ই-মেল : vaishno.cement@gmail.com
৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধ বছরের অনিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২০ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২০ (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০১৯ (অনিরীক্ষিত) | সমাপ্ত অর্ধ বছর ৩০.০৯.২০২০ (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০১৯ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২০ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০১৯ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে আয় | | | | | | | |
| ক) | কাজের থেকে প্রকৃত বিক্রি / আয় (প্রকৃত আবগারি শুল্কের) | - | - | - | - | - | - | - |
| খ) | অন্যান্য আয় | - | - | - | - | - | - | - |
| | মোট আয় | - | - | - | - | - | - | - |
| ২. | ব্যয় | | | | | | | |
| ক) | ব্যবসায় স্টকের হ্রাস (বৃদ্ধি) ও কাজের অগ্রগতি | - | - | - | - | - | - | - |
| খ) | ব্যবসায় স্টক ক্রয় | - | - | - | - | - | - | - |
| গ) | আর্থিক ব্যয় | - | - | - | - | - | - | - |
| ঘ) | কর্মী সুবিধার্থে ব্যয় | ০.২৭ | - | ০.২৮ | ০.২৭ | ০.২৮ | ০.৬৭ | ০.৫৪ |
| ঙ) | অবচয় ও ক্রমশোধিত ব্যয় | - | - | - | - | - | - | - |
| চ) | অন্যান্য ব্যয় | ০.৯৫ | ০.৬১ | ১.৬২ | ১.৫৭ | ১.৭৬ | ৭.০৫ | ৫.৭১ |
| | মোট ব্যয় | ১.২২ | ০.৬১ | ১.৯০ | ১.৮৪ | ২.০৪ | ৭.৭২ | ৬.২৫ |
| ৩. | ব্যাতক্রমীদফা ও করের আগে লাভ / (ক্ষতি) (২-১) | (১.২২) | (০.৬১) | (১.৯০) | (১.৮৪) | (২.০৪) | (৭.৭২) | (৬.২৫) |
| ৪. | ব্যতিক্রমী দফা | - | - | - | - | - | - | - |
| ৫. | করের আগে লাভ / (ক্ষতি) (৩-৪) | (১.২২) | (০.৬১) | (১.৯০) | (১.৮৪) | (২.০৪) | (৭.৭২) | (৬.২৫) |
| ৬. | কর ব্যয় | - | - | - | - | - | - | - |
| ৭. | এই পর্বের লাভ / (ক্ষতি) (৫-৬) | (১.২২) | (০.৬১) | (১.৯০) | (১.৮৪) | (২.০৪) | (৭.৭২) | (৬.২৫) |
| ৮. | অন্যান্য কমপ্রিহেনসিভ আয় | | | | | | | |
| ক. | ১. যে দফা লাভ বা ক্ষতি হিসাবে পুনর্বিন্যাসিত হবে না | - | - | - | - | - | - | - |
| | ২. যে দফা থেকে প্রাপ্ত আয়কর লাভ বা ক্ষতি হিসাবে পুনর্বিন্যাসিত হবে না | - | - | - | - | - | - | - |
| | এই পর্বের অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (প্রকৃত করের) | - | - | - | - | - | - | - |
| ৯. | এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় (৭+৮) (এই পর্বের লাভ (ক্ষতি) ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় সহ) | (১.২২) | (০.৬১) | (১.৯০) | (১.৮৪) | (২.০৪) | (৭.৭২) | (৬.২৫) |
| ১০. | আদয়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন (প্রারম্ভিক মূল্য ১০ টাকা) | - | - | - | - | - | - | - |
| ১১. | ব্যালান্সশীট অনুযায়ী অন্যান্য ইক্যুইটি | ৮৯৫.০২ | ৮৯৫.০২ | ৮৯৫.০২ | ৮৯৫.০২ | ৮৯৫.০২ | ৮৯৫.০২ | ৮৯৫.০২ |
| | ইপিএস (অতিরিক্ত দফার আগে) প্রতিটি ১০টাকা (বার্ষিকভাবে নয়) | | | | | | | |
| | ক. মূল | (০.০১) | (০.০১) | (০.০২) | (০.০২) | (০.০২) | (০.০৯) | (০.০৭) |
| | খ. লঘুকৃত | (০.০১) | (০.০১) | (০.০২) | (০.০২) | (০.০২) | (০.০৯) | (০.০৭) |

দ্রষ্টব্য :
১। উপরোক্ত আর্থিক ফলাফলটি ১০.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত বৈঠকে কোম্পানীর সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা নিরীক্ষিত হয়েছে ও কোম্পানীর পরিচালকবর্গের দ্বারা অনুমোদিত হয়েছে।
২। ৩০.০৯.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধ বছরের আর্থিক ফলের একটি লিমিটেড রিভিউ সংবিধিবদ্ধ নিরীক্ষক দ্বারা সম্পন্ন হয়েছে। তবে কর্তৃপক্ষ যথেষ্ট নিপুণতার সাথে জানচ্ছে যে একমেবাদ্বিতীয়াম আর্থিক ফল কোম্পানীর কার্যকলাপের সঠিক মূল্যায়ণ করছে।
৩। বিগত বছরের / পর্বের অর্থাঙ্কগুলি প্রয়োজনানুযায়ী বর্তমান পর্বের সঙ্গে সামঞ্জস্য রেখে পুনর্বিন্যাসিত / পুনর্সজ্জিত হয়েছে।
৪। পর্বভিত্তিক আলোচনা করার মত কোম্পানীর কোনো পর্ব নেই।
৫। কোম্পানীর ওয়েবসাইট www.nawratan.com-এ আর্থিক ফলাফল ও লিমিটেড রিভিউ রিপোর্ট পাওয়া যাবে।
৬। ৩০.০৯.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকে ও অর্ধ বছরে প্রাপ্ত বিনিয়োগকারীর অভিযোগ — শুরুতে : ০, প্রাপ্ত : ০, সমাধান : ০, শেষে : ০।

বৈষ্ণ সিমেন্ট কোম্পানি লিমিটেড এর পক্ষে
মনু শেখর আগরওয়াল
ডিরেক্টর
(DIN : 08332799)

স্থান : কলকাতা
তারিখ : ১০.১১.২০২০

## ডেন্ট্যাক্স (ইন্ডিয়া) লিমিটেড

CIN : L51109WB1984PLC037960
রেজিস্টার্ড অফিস :১১৯বি, মুক্তারাম বাবু স্ট্রিট, দ্বিতীয় তল, কলকাতা - ৭০০০০৭
ওয়েবসাইট : www.dentaxindialimited.com,
ফোন নং : ০৩৩ ৪০০১ ১৯৮১, ই-মেল : dentaxindialtd@gmail.com
৩০ সেপ্টেম্বর, ২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধ বছরের অনিরীক্ষিত আর্থিক ফলের সংক্ষিপ্ত বিবরণ (লাখ টাকায়)

| ক্র. নং | বিবরণ | সমাপ্ত ত্রৈমাসিক ৩০.০৯.২০২০ (অনিরীক্ষিত) | ৩০.০৬.২০২০ (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০১৯ (অনিরীক্ষিত) | সমাপ্ত অর্ধ বছর ৩০.০৯.২০২০ (অনিরীক্ষিত) | ৩০.০৯.২০১৯ (অনিরীক্ষিত) | সমাপ্ত বছর ৩১.০৩.২০২০ (নিরীক্ষিত) | ৩১.০৩.২০১৯ (নিরীক্ষিত) |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | কাজের থেকে আয় | | | | | | | |
| ক) | কাজের থেকে প্রকৃত বিক্রি / আয় (প্রকৃত আবগারি শুল্কের) | - | - | - | - | - | ৪.৬৯ | ৭.১৫ |
| খ) | অন্যান্য আয় | ৯.৯২ | (১.৭৪) | ১৩.৯০ | (০.৮৩) | ২৬.৭২ | ২৮.৯০ | ৫১.৯১ |
| | মোট আয় | ৯.৯২ | (১.৭৪) | ১৩.৯০ | (০.৮৩) | ২৬.৭২ | ৩৩.৫৯ | ৫৯.০৬ |
| ২. | ব্যয় | | | | | | | |
| ক) | ব্যবসায় স্টকের হ্রাস (বৃদ্ধি) ও কাজের অগ্রগতি | - | - | - | - | - | - | - |
| খ) | ব্যবসায় স্টক ক্রয় | - | - | - | - | - | ৪.৬৮ | ৬.৫০ |
| গ) | আর্থিক ব্যয় | - | - | - | - | - | - | - |
| ঘ) | কর্মী সুবিধার্থে ব্যয় | ২.৩৫ | ২.৩৫ | ২.৩৫ | ৪.৭১ | ৪.১৭ | ৮.৩৯ | ৮.০০ |
| ঙ) | অবচয় ও ক্রমশোধিত ব্যয় | - | - | - | - | - | ০.২৪ | ০.২৫ |
| চ) | অন্যান্য ব্যয় | ০.৭৪ | ১.৬৭ | ১.২২ | ২.৪০ | ২.০৪ | ১৫.৬৩ | ৩৫.৪১ |
| | মোট ব্যয় | ৩.০৯ | ৪.০২ | ৩.৫৭ | ৭.১১ | ৬.২১ | ২৮.৯৪ | ৫০.১৬ |
| ৩. | ব্যাতক্রমীদফা ও করের আগে লাভ / (ক্ষতি) (২-১) | ৬.৮৩ | (১৪.৭৬) | ১০.৩৩ | (৭.৯৪) | ২০.৫১ | ৪.৬৫ | ৮.৯০ |
| ৪. | ব্যতিক্রমী দফা | - | - | - | - | - | - | - |
| ৫. | করের আগে লাভ / (ক্ষতি) (৩-৪) | ৬.৮৩ | (১৪.৭৬) | ১০.৩৩ | (৭.৯৪) | ২০.৫১ | ৪.৬৫ | ৮.৯০ |
| ৬. | কর ব্যয় | - | - | - | - | - | - | - |
| ৭. | এই পর্বের লাভ / (ক্ষতি) (৫-৬) | ৬.৮৩ | (১৪.৭৬) | ১০.৩৩ | (৭.৯৪) | ২০.৫১ | ৪.৬৫ | ৮.৯০ |
| ৮. | অন্যান্য কমপ্রিহেনসিভ আয় | | | | | | | |
| ক. | ১. যে দফা লাভ বা ক্ষতি হিসাবে পুনর্বিন্যাসিত হবে না | - | - | - | - | - | (১৩৯.১৮) | ৪৭.০১ |
| | ২. যে দফা থেকে প্রাপ্ত আয়কর লাভ বা ক্ষতি হিসাবে পুনর্বিন্যাসিত হবে না | - | - | - | - | - | - | (৭.০৫) |
| | এই পর্বের অন্যান্য কমপ্রিহেনসিভ আয় (প্রকৃত করের) | - | - | - | - | - | (১৩৯.১৮) | ৩৯.৯৬ |
| ৯. | এই পর্বের মোট কমপ্রিহেনসিভ আয় (৭+৮) (এই পর্বের লাভ (ক্ষতি) ও অন্যান্য কমপ্রিহেনসিভ আয় সহ) | ৬.৮৩ | (১৪.৭৬) | ১০.৩৩ | (৭.৯৪) | ২০.১৫ | (১৩৪.৫৩) | ৪৮.৮৬ |
| ১০. | আদয়দত্ত ইক্যুইটি শেয়ার মূলধন | - | - | - | - | - | - | - |
| | (প্রারম্ভিক মূল্য ১০ টাকা) | ১৯৭.৮৩ | ১৯৭.৮৩ | ১৯৭.৮৩ | ১৯৭.৮৩ | ১৯৭.৮৩ | ১৯৭.৮৩ | ১৯৭.৮৩ |
| ১১. | ব্যালান্সশীট অনুযায়ী অন্যান্য ইক্যুইটি | - | - | - | | | ২২৯.৬৫ | ২২৯.৬৫ |
| | ইপিএস (অতিরিক্ত দফার আগে) প্রতিটি ১০টাকা (বার্ষিকভাবে নয়) | | | | | | | |
| | ক. মূল | ০.৩৫ | (০.৭৫) | ০.৫২ | (০.৪০) | ১.০৪ | (৬.৮০) | ২.৪৭ |
| | খ. লঘুকৃত | ০.৩৫ | (০.৭৫) | ০.৫২ | (০.৪০) | ১.০৪ | (৬.৮০) | ২.৪৭ |

দ্রষ্টব্য :
১। উপরোক্ত আর্থিক ফলাফলটি ১০.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত বৈঠকে কোম্পানীর সংবিধিবদ্ধ নিরীক্ষকগণ দ্বারা নিরীক্ষিত হয়েছে ও কোম্পানীর পরিচালকবর্গের দ্বারা অনুমোদিত হয়েছে।
২। ৩০.০৯.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকের ও অর্ধ বছরের আর্থিক ফলের একটি লিমিটেড রিভিউ সংবিধিবদ্ধ নিরীক্ষক দ্বারা সম্পন্ন হয়েছে। তবে কর্তৃপক্ষ যথেষ্ট নিপুণতার সাথে জানচ্ছে যে একমেবাদ্বিতীয়াম আর্থিক ফল কোম্পানীর কার্যকলাপের সঠিক মূল্যায়ণ করছে।
৩। বিগত বছরের / পর্বের অর্থাঙ্কগুলি প্রয়োজনানুযায়ী বর্তমান পর্বের সঙ্গে সামঞ্জস্য রেখে পুনর্বিন্যাসিত / পুনর্সজ্জিত হয়েছে।
৪। পর্বভিত্তিক আলোচনা করার মত কোম্পানীর কোনো পর্ব নেই।
৫। কোম্পানীর ওয়েবসাইট www.nawratan.com-এ আর্থিক ফলাফল ও লিমিটেড রিভিউ রিপোর্ট পাওয়া যাবে।
৬। ৩০.০৯.২০২০ তারিখে সমাপ্ত ত্রৈমাসিকে ও অর্ধ বছরে প্রাপ্ত বিনিয়োগকারীর অভিযোগ — শুরুতে : ০, প্রাপ্ত : ০, সমাধান : ০, শেষে : ০।

ডেনটেক্স (ইন্ডিয়াঃ) লিমিটেড-এর পক্ষে
নীতা আগরওয়াল
হোল-টাইম-ডিরেক্টর
(DIN : 07092762)

স্থান : কলকাতা
তারিখ : ১০.১১.২০২০